

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা  
ঢাকা-১০০০।

নথি নং NBR/IT/AWIP/ADMIN-P(1)/2012/ ২১৬

তারিখঃ ২০/১০/২০১৩

জনাব এস.কে. সূর চৌধুরী  
ডেপুটি গভর্নর  
বাংলাদেশ ব্যাংক

(দৃষ্টি আকর্ষণঃ মহা-ব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট)

বিষয়ঃ আমদানিকারক হিসাবে ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) গ্রহণ ব্যতিরেকে পণ্য আমদানি ও আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নংঃ এফইপিডি (আমদানি নীতি)১২৩/২০১৩-০৬, তারিখঃ ১৩-০৩-২০১৩।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ কাস্টমস এর নতুন ASYCUDA World Automation System এর আওতায় সম্প্রতি এলসি, বিএলসহ অন্যান্য শিপিং দলিলাদির উপর আমদানিকারকের নামের পাশাপাশি সঠিক ১১ ডিজিটের নতুন ভ্যাট নিবন্ধন নাম্বার (BIN) উল্লেখ করা বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে কতিপয় প্রতিষ্ঠান উৎপাদনকারী/সরবরাহকারী (Manufacturer/Supplier) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ করলেও আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন গ্রহণ ব্যতিরেকেই বানিজ্যিক ব্যাংক হতে এলসি খুলে পণ্য আমদানি করছেন। এতে পন্যসামগ্রী বাংলাদেশের বন্দরে আসার পর কাস্টমস প্রক্রিয়াকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে এবং ফলশ্রুতিতে পন্য খালাসে বিলম্ব হচ্ছে। উল্লেখ্য, বাণিজ্য মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC) ব্যতিরেকে কোন প্রকার আমদানি কার্যক্রম পরিচালনা করা বিধিসম্মত নয়। জাতীয় রাজস্ব বোর্ড আমদানি-রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে ইস্যুকৃত বৈধ Import Registration Certificate (IRC)-এর বিপরীতে আমদানিকারক (Importer) হিসাবে ভ্যাট নিবন্ধন প্রদান করে।

০২। এছাড়া, বন্দর কর্তৃপক্ষের যথাযথ কন্টেইনার ব্যবস্থাপনার লক্ষ্যে আমদানীয় পণ্যের কার্গো মেনিফেস্টে পণ্যের সঠিক এইচ. এস. কোড উল্লেখের লক্ষ্যে আমদানি বিল অব লেডিং-এ পণ্যের এইচ. এস. কোড উল্লেখ করা একান্ত অপরিহার্য।

০৩। বর্ণিত পরিস্থিতিতে, এলসি আবেদনকারীর ভ্যাট নিবন্ধন সনদপত্রে ব্যবসায়ের প্রকৃতি যাই উল্লেখ থাকুক না কেন এর পাশাপাশি Importer উল্লেখ করা না থাকলে - তা ভ্যাট নিবন্ধন সনদপত্রে অন্তর্ভুক্তি ব্যতিরেকে কোন এলসি যেন ইস্যু করা না হয়, তা সকল বানিজ্যিক ব্যাংক নিশ্চিত করবে। এছাড়া, আমদানি বিল অব লেডিং - এ পণ্যের বিবরণের পাশাপাশি এইচ. এস. কোড উল্লেখ করার বিষয়টি এলসিতে অত্যাৱশ্যকীয় শর্ত হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে কোন বিচ্যুতি দেখা গেলে সংশ্লিষ্ট ব্যাংক তার দায়-দায়িত্ব বহন করবে।

০৩। বিষয়টি একটি সার্কুলারের মাধ্যমে সকল বানিজ্যিক ব্যাংক-কে জানানো এবং তা অবিলম্বে কার্যকর করে প্রতিপালনের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো।

  
(ফাহাদ আল ইসলাম)  
দ্বিতীয় সচিব (শুক)

ও

উপ-প্রকল্প পরিচালক, এয়াসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচী  
টেলিফোনঃ ০২-৯৩৫০৪২৭

Email: alislam@customs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, নারায়নগঞ্জ।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক (সকল বাণিজ্যিক ব্যাংক)।
- ৪। প্রথম সচিব (শুল্কঃ নীতি ও বাস্তবায়ণ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। প্রথম সচিব (মুসকঃ নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। প্রথম সচিব (মুসকঃ বাস্তবায়ণ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে সকল ভ্যাট বিভাগীয় দপ্তর হতে নিবন্ধন সনদপত্র ইস্যুর সাথে সাথেই জাতীয় রাজস্ব বোর্ডের ASYCUDA World Project এর নিকট তথ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। জনাব মোঃ শফিকুর রহমান, ASYCUDA World Consultant (সিনিয়র সিস্টেমস এ্যানালিস্ট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে ভ্যাট নিবন্ধন সনদে Import উল্লেখ ব্যতীত কোন BIN যেন ASYCUDA World-এর BIN Table-এ অন্তর্ভুক্ত হতে না পারে এবং বর্তমানে এ ধরনের কোন BIN অন্তর্ভুক্ত থাকলে তা BIN Table হতে বাদ দেয়াসহ উক্ত BIN Table -টি নিয়মিতভাবে হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এ্যাসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম।
- ৯। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এ্যাসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম।
- ১০। সভাপতি, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এ্যাসোসিয়েশন। তাকে বিষয়টি সকল আমদানিকারকের নজরে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্যঃ

- ১। সদস্য (শুল্কঃ নীতি, গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), ও প্রকল্প পরিচালক, ASYCUDA World, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। সদস্য (মুসকঃ বাস্তবায়ণ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। National Project Manager, ASYCUDA World, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।



(ফাহাদ আল ইসলাম)

দ্বিতীয় সচিব (শুল্ক)

ও

উপ-প্রকল্প পরিচালক, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচী

টেলিফোনঃ ০২-৯৩৫০৪২৭

Email: alislam@customs.gov.bd